BITIRNA TRIPURA 01-12-2018

# ইকফাইয়ে জাতীয় কর্মশালা শুরু আজ

কামালঘাট, ৩০ নভেম্বর।। ত্রিপরায় এই প্রথম শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত কোন কর্মশালা আয়োজনে এগিয়ে এলো সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি বা অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিস শনিবার থেকে ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে শুরু হচ্ছে 'ইমারজিং ট্রেন্ডস্ ইন ইনফরমেশন টেকনোলজি ইন ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট' শীর্ষক ৩-দিনব্যাপী জাতীয় এক কর্মশালা। এই কর্মশালা আয়োজনে ও সফল ব্যবস্থাপনায় এআইইউ আর্থিক সহায়তা প্রদানসহ সক্রিয় ভূমিকা নিয়েছে। আগামীকাল সকাল ১০টায় কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের তথ্য-প্রযুক্তি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী সুদীপ রায় বর্মন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কর্মশালার যুগ্ম আহ্বায়ক তথা সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতির উপনির্দেশক (গবেষণা) ডঃ অমরেন্দ্র পানি। সম্মানিত অতিথির আসন অলংকৃত করবেন সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতির সহ-অধিকর্তা ডঃ উষা রাই নেগি। কর্মশালার অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার। তিনদিনের কর্মশালার মোট ৯টি প্রায়োগিক অধিবেশন এবং সমসংখ্যক প্রশ্নোত্তরপর্ব থাকছে। এগুলিতে উপস্থিত থাকবেন সারা দেশ থেকে আগত মোট ২৯ জন বিশিষ্ট শিক্ষাবিদ এবং গবেষক প্রতিনিধির বিশেষজ্ঞ বক্তা হিসাবে উপস্থিত থাকবেন মহারাষ্ট্র নলেজ, কর্পোরেশন লিমিটেডের ডঃ সতীশ জেন্দে ও ডঃ অতুল ওয়াডেগাওকর, টাটা কনসালটেন্সি সার্ভিসেসের সম্রাট মুখার্জি, উইনো সিস্টেম অ্যান্ড সার্ভিসেসের রাজগোপাল ইয়াডাভেল্লি, এনআইসি আগরতলার নীরকমল দে পুরকায়স্থ, ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজির ডঃ বিজয় কুমার উপাধ্যায় এবং ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার বিশিষ্ট শিক্ষক অধ্যাপক (ডঃ) প্রসেনজিত দাশগুপ্ত। কর্মশালার সফল রূপায়ণে সক্রিয় সহযোগিতার হাত বাড়িয়েছে লেম্বুছড়াস্থিত মৎস্য মহাবিদ্যালয় এবং রাজ্য সরকারের যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর।

30 CM

DAINIK SAMBAD 01-12-2018

## ইকফাইয়ে জাতীয় কর্মশালা শুরু আজ

কামালঘাট

৩০ নভেম্বর ঃ ত্রিপুরায় এই প্রথম শিক্ষা ব্যবস্থা সংক্রান্ত কোনও কর্মশালা আয়োজনে এগিয়ে এলো সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি বা অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিস। শনিবার থেকে ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে শুরু হচ্ছে 'ইমারজিং ট্রেন্ডস্ ইন ইনফরমেশন টেকনোলজি ইন ইউনিভার্সিটি ম্যানেজমেন্ট' শীর্ষক তিন দিনব্যাপী জাতীয় এক কর্মশালা। এই কর্মশালা আয়োজনে ও সফল ব্যবস্থাপনায় এআইইউ আর্থিক সহায়তা প্রদানসহ সক্রিয় ভূমিকা নিয়েছে।

আগামীকাল সকাল ১০টায় কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের তথ্য প্রযুক্তি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী সুদীপ রায় বর্মণ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কর্মশালার যুগ্ম আহ্বায়ক তথা সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতির উপনির্দেশক (গবেষণা) ডঃ অমরেন্দ্র পাণি। সম্মানিত অতিথির আসন অলংকৃত করবেন সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতির সহঅধিকর্তা ডঃ উষা রাই নেগি। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার।

তিনদিনের কর্মশালায় মোট ৯টি প্রায়োগিক অধিবেশন এবং সমসংখ্যক প্রশ্নোত্তরপর্ব থাকছে। এগুলিতে উপস্থিত থাকবেন সারা দেশ থেকে আগত মোট ২৯ জন বিশিষ্ট শিক্ষাবিদ এবং গবেষক প্রতিনিধি। বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত থাকবেন মহারাষ্ট্র নলেজ কর্পোরেশন লিমিটেডের ডঃ সতীশ জেন্দে ও ডঃ অতুল ওয়াডেগাওস্কর, টাটা কনসালটেন্সি সার্ভিসেসের সম্রাট মুখার্জি, উইনো সিস্টেম অ্যাণ্ড সার্ভিসেসের রাজগোপাল ইয়াডাভেল্লি, এনআইসি আগরতলার নীলকমল দে পুরকায়স্থ, ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজির ডঃ বিজয় কুমার উপাধ্যায় এবং ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার বিশিষ্ট শিক্ষক অধ্যাপক (ডঃ) প্রসেনজিৎ দাশগুপ্ত। কর্মশালার সফল রূপায়ণে সক্রিয় সহযোগিতার হাত বাড়িয়েছে লেম্বুছড়াস্থিত মৎস্য মহাবিদ্যালয় এবং রাজ্য সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তর।

22 CM.

TRIPURA OBSERVER 01-12-2018

## AIU recognizes good works of ICFAI

**By Our Reporter**

**Agartala: Nov 30.** A three-day workshop sponsored by Association of Indian Universities and jointly organized by ICFAI University, Tripura to the cause of higher education on the topic of "Emerging trends in Information Technology in university management" at university campus at Kamalghat.

In a press note issued by the ICFAI university authority has said that the department of youth affairs and sports, government of Tripura and the Fisheries college at Lembucherra have also extended considerable support to the three-day workshop. The three-day workshop will have nine technical sessions and as many interactive sessions. Dr Amarendra Pani, deputy director in charge of research in the AIU will grace the three-day workshop as special guest while Dr Usha Rai Negi, assistant director (research) will attend the workshop as Guest of Honour.

Professor Biplab Halder, the pro-vice chancellor of ICFAI University, Tripura will preside over the ceremony. Many eminent speakers and specialists will address the workshop.

18 CM.



Scanned by CamScanner

TRIPURA OBSERVER 02-12-2018

## AIU sponsored 3-day National Workshop begins

# IT Minister hails e-learning in higher education, praises ICFAI for lead role



**Kamalghat: Dec 01.** E-learning and virtual classroom teaching have become inevitable in the present higher education system in our state to remain at par with national standard. ICFAI University Tripura has taken a leading role in introducing such modern facilities for its students and teaching staff. The minister for Health & Family Welfare and Information Technology Mr. Sudip Roy Barman hailed the growing use IT in higher education sector by making above remarks today.

He was speaking at the inaugural ceremony of three-day national workshop on "Emerging Trends of Information Technology in University Management" organized jointly by Association of Indian Universities(AIU), New Delhi and ICFAI University, Tripura. Besides the faculty members of host University, about 30 outside delegates have participated in the workshop from across the country.

The minister said, use of information technology is no more an aristocracy but need of the hour. Be it education, administration, governance, implementation of pro-people schemes and judiciary, he pointed out. Mr. Barman praised upon AIU and ICFAI University Tripura for organizing national workshop on such a relevant topic. He also assured all possible help from State government in transforming higher education into e-learning system.

While giving the welcome speech, the Pro Vice Chancellor of ICFAI University Tripura Prof. Biplab Halder said the University is presently offering 34 courses under different departments. It would introduce new courses namely Sociology, Psychology, Nursing, Economics and M.Sc (Biotechnology) from next academic session. Prof. Halder also thanked upon Association of Indian Universities for sponsoring and organizing National Workshop jointly with ICFAI University Tripura.

Dr. Amarendra Pani, the Deputy Director (Research) of AIU, also spoke in the inaugural ceremony. He recollected the formation of Inter University Board of Universities of India and Shylon (presently Sri Lanka) in 1926 and it's transformation into AIU in 1975. Dr. Pani informed that total of 903 Central, State, Private and Deemed Universities presently exist in India. At the end of inaugural ceremony, Registrar Dr. A Ranganath conveyed vote of thanks. This programme was followed by technical and interactive sessions, which would continue till Mc[illegible]day.

66 CM

Scanned by CamScanner

BITIRNA TRIPURA 02-12-2018

# ইকফাই-এ জাতীয় কর্মশালা শুরু

# উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তির ব্যবহার অপরিহার্য বিষয়ে দাড়িয়েছে ঃ সুদীপ বর্মণ

**বিস্তীর্ণ প্রতিনিধি, কামালঘাট, ১ ডিসেম্বর।।** শিক্ষা, প্রশাসন, বিচার বিভাগ, শিল্প, ব্যবসা, লঘু মাঝারি উদ্যোগ, সর্বত্রই এখন তথ্য প্রযুক্তির ব্যবহার বাড়ছে। ঠিক এই সময়ে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা এবং সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি যৌথভাবে প্রাসঙ্গিত এমন একটি বিষয়ে জাতীয় কর্মশালার আয়োজন করেছে যা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তি ব্যবহারের ক্রমবর্ধমান ঝোঁক শীর্ষক জাতীয় কর্মশালার উদ্বোধন করে শনিবার এ মন্তব্য করেন রাজ্যের তথ্য প্রযুক্তি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের মন্ত্রী সুদীপ রায় বর্মণ।

তিনি বলেন, তথ্য প্রযুক্তির ব্যবহার এখন বিলাসিতা নয়, প্রাত্যহিক জীবনের ও কর্মক্ষেত্রের প্রয়োজনীয়তা। এ বিষয়টি এখন সবাই বুঝতে পারছে। মন্ত্রী জানান, বহু বিদ্যালয় ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পঠন পাঠন, প্রশাসনিক কর্মকাণ্ড, পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত বিভিন্ন কাজ তথ্যপ্রযুক্তি নির্ভর হয়ে দাড়িয়েছে। এই প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় থাকে। তিনি আরো জানান, অনেক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ই লার্নিং এবং ই ম্যানেজমেন্ট সিস্টেম, ভারচিউয়াল গবেষণাগার চালু হয়েছে। ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অন্যতম।

উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই তথ্যপ্রযুক্তি মন্ত্রী এবং অন্যান্য অতিথিদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। স্বাগত ভাষণে ইকফাই বিশ্ববিদ্যালয়ের প্রো ভিসি অধ্যাপক বিপ্লব হালদার জাতীয় কর্মশালা ত্রিপুরায় আয়োজনে সক্রিয় সাহায্যের হাত প্রসারিত করায় সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতিকে বিশেষভাবে ধন্যবাদ জানান। ভবিষ্যৎ পরিকল্পনা জানিয়ে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের কামালঘাট ক্যাম্পাসে বর্তমানে মোট ৩৪টি কোর্স পড়ানো হচ্ছে। আগামী শিক্ষাবর্ষে সমাজবিদ্যা, মনোবিদ্যা, অর্থনীতি এবং নার্সিং বিষয় চালু করা হবে। অধ্যাপক হালদার আরো জানান, বিশ্ববিদ্যালয়ের আচার্য অধ্যাপক ভি এন রাজাশেখরণ পিল্লাই -র পরামর্শ অনুযায়ী এমএসসি (বায়োটেকনোলজি) কোর্স চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

কর্মশালার যুগ্ম আহ্বায়ক তথা সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতির উপ নির্দেশক (গবেষণা) ডাঃ অমরেন্দ্র পাণি উনার মূল ভাষণে জানান, ১৯২৬ সালে ব্রিটিশ ভাইসরয়ের উদ্যোগে ভারত ও শ্রীলঙ্কার বিশ্ববিদ্যালয়গুলোকে নিয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় পর্ষদ গঠন করা হয়। পরবর্তী সময়ে ১৯৭৫ সালে সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি গঠিত হয়। বর্তমানে সারা দেশে কেন্দ্রীয়, রাজ্য, বেসরকারী ও ডিমড্ ইত্যাদি ধরনের মোট ৯০৩টি বিশ্ববিদ্যালয় আছে।

উদ্বোধনী অনুষ্ঠানের শেষে ধন্যবাদসূচক বক্তব্য পেশ করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধকডঃ আভুলা রঙ্গনাথ। এরপরেই শুরু হয়ে গেছে প্রায়োগিক অধিবেশন এবং প্রশ্নোত্তর পর্ব। এগুলিতে অংশ নিয়েছেন দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত মোট ২৯ জন বিশিষ্ট শিক্ষাবিদ্ এবং গবেষণা প্রতিনিধি। তিনদিনের কর্মশালায় মোট ৯টি প্রায়োগিক অধিবেশন রয়েছে।

জি২০- তে মোদী, আর তখনই ডিজিপি

60 CM



Scanned by CamScanner

DAINIK SAMBAD 02-12-2018

# উচ্চশিক্ষায় তথ্যপ্রযুক্তির ব্যবহার অপরিহার্য ঃ সুদীপ

কামালঘাট

১ ডিসেম্বর ঃ শিক্ষা, প্রশাসন, বিচার বিভাগ, শিল্প, ব্যবসা, লঘু-মাঝারি উদ্যোগ — সর্বত্রই এখন তথ্যপ্রযুক্তির ব্যবহার বাড়ছে। ঠিক এই সময়ে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা এবং সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি যৌথভাবে প্রাসঙ্গিক এমন একটি বিষয়ে জাতীয় কর্মশালার আয়োজন করেছে যা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তি ব্যবহারের ক্রমবর্ধমান ঝোঁক শীর্ষক জাতীয় কর্মশালার উদ্বোধন করে শনিবার এমন্তব্য করেন রাজ্যের তথ্যপ্রযুক্তি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের মন্ত্রী সুদীপ রায় বর্মণ।

তিনি বলেন, তথ্যপ্রযুক্তির ব্যবহার এখন বিলাসিতা নয়, প্রাত্যহিক জীবনের ও কর্মক্ষেত্রের প্রয়োজনীয়তা। এবিষয়টি এখন সবাই বুঝতে পারছে। মন্ত্রী জানান, বহু বিদ্যালয় ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পঠন-পাঠন, প্রশাসনিক কর্মকাণ্ড, পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত বিভিন্ন কাজ তথ্যপ্রযুক্তিনির্ভর হয়ে দাঁড়িয়েছে। এই প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় থাকে। তিনি আরও জানান, অনেক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ই-লার্নিং এবং ই-ম্যানেজমেন্ট সিস্টেম, ভারচিউয়াল গবেষণাগার চালু হয়েছে। ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অন্যতম।

উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই তথ্যপ্রযুক্তি মন্ত্রী এবং অন্য অতিথিদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। স্বাগত ভাষণে ইকফাই বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার জাতীয় কর্মশালা ত্রিপুরায় আয়োজনে সক্রিয় সাহায্যের হাত প্রসারিত করায় সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতিকে বিশেষভাবে ধন্যবাদ জানান। ভবিষ্যৎ পরিকল্পনা জানিয়ে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের কামালঘাট ক্যাম্পাসে বর্তমানে মোট ৩৪টি কোর্স পড়ানো হচ্ছে। আগামী শিক্ষাবর্ষে সমাজবিদ্যা, মনোবিদ্যা, অর্থনীতি এবং নার্সিং বিষয় চালু করা হবে। অধ্যাপক হালদার আরও জানান, বিশ্ববিদ্যালয়ের আচার্য অধ্যাপক ভি এন রাজাশেখরণ পিল্লাইর পরামর্শ অনুযায়ী এমএসসি (বায়োটেকনোলজি) কোর্স চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

কর্মশালার যুগ্ম আহ্বায়ক তথা সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতির উপনির্দেশক (গবেষণা) ডঃ অমরেন্দ্র পাণি উনার মূল ভাষণে জানান, ১৯২৬ সালে ব্রিটিশ ভাইসরয়ের উদ্যোগে ভারত ও শ্রীলঙ্কার বিশ্ববিদ্যালয়গুলোকে নিয়ে আন্তঃ বিশ্ববিদ্যালয় পর্যদ গঠন করা হয়।

পরবর্তী সময়ে ১৯৭৫ সালে সর্বভারতীয় বিশ্ববিদ্যালয় সমিতি গঠিত হয়। বর্তমানে সারা দেশে কেন্দ্রীয়, রাজ্য, বেসরকারী ও ডিমড্ ইত্যাদি ধরনের মোট ৯০৩ টি বিশ্ববিদ্যালয় আছে।

উদ্বোধনী অনুষ্ঠানের শেষে ধন্যবাদসূচক বক্তব্য পেশ করেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ। এরপরেই শুরু হয়ে গেছে প্রায়োগিক অধিবেশন এবং প্রশ্নোত্তরপর্ব। এগুলিতে অংশ নিয়েছেন দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত মোট ২৯ জন বিশিষ্ট শিক্ষাবিদ্ এবং গবেষক প্রতিনিধি। তিনদিনের কর্মশালায় মোট ৯টি প্রায়োগিক অধিবেশন রয়েছে।

35 CM

Scanned by CamScanner